




পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. এ.কে.এম নুরুজ্জামান
সভার তারিখ : ২৮ ফেব্রুয়ারি ২০১৭
সময় : বিকাল ০৩.৩০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নম্বর-৫১০), পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় ইনোভেশন টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে আগামী ০৮/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য সভার আলোচ্য বিষয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১.	পিকেএসএফ কর্তৃক প্রণীত উদ্ভাবন বিষয়ক কর্ম-পরিকল্পনার অগ্রগতি	- প্রতিবন্ধী-বান্ধব প্রশিক্ষণের বিষয়ে ইতোমধ্যে পরিকল্পনা ও মডিউল প্রস্তুত করা হয়েছে। এ বিষয়টি নিম্নস্বাক্ষরকারী সরাসরি তত্ত্বাবধান করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
২.	মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক নবম পর্যালোচনা সভার কার্যবিবরণী	- এ বিষয়ে প্রত্যেক সদস্যকে স্বীয় দায়িত্ব পালনে সচেষ্ট হবার জন্য এবং অগ্রগতি প্রতিবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সকল সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. এ.কে.এম নুরুজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)
ও
ইনোভেশন অফিসার

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ব্যবস্থাপনা পরিচালক
- ২। উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)
- ৩। চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৪। পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সকল সদস্য
- ৫। নথি